সংশোধিত

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/১২১(১১০০) তারিখ : ২৩.০৯.২০১৮ খ্রিঃ

বিষয় : ২০১৮ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, তাঁর জেলাধীন ২০১৮ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার জন্য নির্বাচিত প্রত্যেক কেন্দ্রে পরীক্ষা পরিচালনার জন্য " কেন্দ্র কমিটি" নামে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি গঠন করে আগামী ২১/১০/২০১৮ তারিখের মধ্যে কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্র উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

১ 'কেন্দ্র কমিটি' নিম্নরূপভাবে গঠন করতে হবে :

১.১. চেয়ারম্যান : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

১.২. সদস্যবৃন্দ :

জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (ঢাকা মহানগরীর ক্ষেত্রে)

সরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক -১ জন ও বেসরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক -১ জন সদস্য হতে পারবেন।

কেন্দ্র সচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।

১.৩. কেন্দ্র সচিব :

কমিটি নিম্ন বর্ণিত নিয়মে কেন্দ্র সচিব নির্বাচিত করবেন :

বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হবেন।

কোন কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান এর অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোন কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

১.৪. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা :

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। কোন অনিবার্য কারণে চেয়ারম্যান ভারপ্রাপ্ত অফিসার হিসেবে কর্তব্য পালন করতে না পারলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত অফিসার নিয়ুক্ত করবেন। এরূপ নিয়ুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, কোন বিভাগের কোন উচ্চ পদস্থ অফিসার যেন কোন নিম্ন পদস্থ কর্মকর্তার অধীনস্থ না হন।

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কর্তব্য:

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১.১ তিনি বা তাঁর প্রতিনিধি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট হতে যে সমস্ত গোপনীয় কাগজপত্র গ্রহণ করবেন, সেগুলো নিরাপদ হেফাজতে রাখবেন এবং পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশানুসারে ঐ সকল কাগজপত্র কেন্দ্র সচিবসহ নির্ধারিত দিনে পরীক্ষা কেন্দ্রে বিতরণের ব্যবস্থা করবেন।

১.২ তিনি প্রত্যহ প্রতি বিষয় ও পত্রের পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশানুসারে পরীক্ষার্থীদের উত্তরপত্র নিরাপদে বোর্ডে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কেন্দ্র সচিবকে পরামর্শ দেবেন।

১.৩ তিনি পরীক্ষা কেন্দ্রে নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১.৪ সকল বিষয়ের পরীক্ষা শেষে তিনি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট তাঁর কেন্দ্রের পরীক্ষা পরিচালনা সম্পর্কীয় একটি সামগ্রিক প্রতিবেদন পেশ করবেন।

১.৫ তিনি জেলা প্রশাসক না হলে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের সঙ্গে আলোচনা করে কক্ষ প্রত্যবেক্ষক নির্বাচন করবেন। কক্ষ প্রত্যবেক্ষক নির্বাচনের সময় লক্ষ্য রাখতে হবে যেন কেন্দ্রাধীন কোন বিদ্যালয়ের শিক্ষককে সংশ্লিষ্ট বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কক্ষে প্রত্যবেক্ষকের দায়িত্বে নিয়োগ করা না হয়।

১.৬ তিনি কক্ষ প্রত্যবেক্ষক ও পরীক্ষা পরিচালনায় নিয়োজিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর নিরাপত্তা বিধানের ব্যবস্থা করবেন।

১.৭ তিনি সকল কেন্দ্রের চারপাশের ২০০ গজের মধ্যে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তি/ব্যক্তিদের চলাচল নিষিদ্ধ করে ১৪৪ ধারা জারি করবেন।

১.৮ পরীক্ষা শুরুর ৩ (তিন) দিন পূর্বে ট্রেজারীতে ট্রাঙ্কে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে প্রশ্নপত্রের বিবরণী তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারী অফিসার, কেন্দ্র সচিব এবং পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন। কোনরূপ গড়মিল কিংবা কম/বেশি থাকলে দ্রুত সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে।

২ কেন্দ্রের পালনীয় কর্তব্য :

২.১ কেন্দ্রের ব্যয়ভার কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।

২.২ পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীদের স্বাস্থ্য সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য একজন মেডিকেল অফিসার নিয়োগ করতে হবে।

২.৩ মূল কেন্দ্রে পরীক্ষার্থীদের আসন সংকুলান না হলে নিকটতম কলেজ/স্কুল/মাদরাসায় আসন ব্যবস্থা করা যেতে পারে। তবে লক্ষ রাখতে হবে যেন কোন বিদ্যালয়ের পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজ বিদ্যালয়ে না হয়।

২.৪ বিদ্যালয়ের ৫ ফুট/ ৬ ফুট দীর্ঘ প্রতি বেঞ্চে ০২ (দুই) জনের আসন ব্যবস্থা করতে হবে। ৪ ফুট অথবা ছোট বেঞ্চ হলে ০১ (এক) জনের আসন ব্যবস্থা করতে হবে। কোন অবস্থাতেই এর ব্যতিক্রম করা যাবে না।

২.৫ কেন্দ্র কমিটির অনুমোদনক্রমে তিনি পরীক্ষা পরিচালনার জন্য অনধিক ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্র বিদ্যালয়ের শিক্ষকদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে । মূল কেন্দ্রের জন্য ১ জন হল সুপার, ভেন্যু কেন্দ্র থাকলে প্রত্যেক ভেন্যুর জন্য ১ জন সহকারী কেন্দ্র সচিব (সংশ্লিষ্ট ভেন্যু প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক) ও ১ জন হল সুপার এবং দাপ্তরিক কাজে সহযোগিতার জন্য তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগ করবেন। প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য ১ জন কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ করবেন তবে প্রতি কক্ষে কমপক্ষে ২ জন কক্ষ প্রত্যবেক্ষক থাকতে হবে। প্রত্যবেক্ষন কাজে শিক্ষকগণকে নির্বাচন করার পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে অবশ্যই আলোচনা করতে হবে (হল সুপার নিয়োগের ক্ষেত্রে মূল ভেন্যু/কেন্দ্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষককে অগ্রাধিকার দেয়া যেতে পারে)।

২.৬ কেন্দ্র সচিব, হল সুপার, কক্ষ প্রত্যবেক্ষক ও অন্যান্য কর্মকর্তাদের পালনীয় দায়িত্ব ও কর্তব্য সম্বলিত সহায়িকা এবং পরীক্ষা পরিচালনার নিয়মাবলি সম্বলিত একটি পুস্তিকা পরবর্তী সময়ে প্রত্যেক কেন্দ্রে প্রেরণ করা হবে।

বিশেষ দ্রষ্টব্য : জেলাধীন কেন্দ্র তালিকা সংযোজিত।

23.09.18

প্রফেসর তপন কুমার সরকার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৬৯৮১৫

প্রাপক : জেলা প্রশাসক,
ঢাকা বোর্ডের আওতাধীন সকল জেলা।

পত্র নং : ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/১২১(১১০০) তারিখ : ২৩.০৯.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পুলিশ সুপার, ঢাকা বোর্ডের আওতাধীন সকল জেলা
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪। প্রধান শিক্ষক/কেন্দ্র সচিব, জেএসসি পরীক্ষা কেন্দ্র - ২০১৮
৫। অফিস কপি

২৩/৯/১৮

তারেক বিন আজির
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০০৭১